



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
www.pppbd.org



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৩৬.১৪.৪৬৯.১৯(৩).২১০

তারিখ: ২৩/১১/২০২৩ খ্রিঃ

বিষয়: পল্লী প্রগতি কর্মসূচির কাজে গতিশীলতা আনয়নে কতিপয় দিক নির্দেশনা।

পল্লী প্রগতি কর্মসূচিটি বিআরডিবি'র মাধ্যমে বাস্তবায়িত একটি দারিদ্র্য বিমোচনমূলক কর্মসূচি। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণের তত্ত্বাবধানে কর্মসূচিভূক্ত উপজেলার নির্ধারিত ইউনিয়নসমূহে কর্মসূচির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। কর্মসূচির কাজে গতিশীলতা আনয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত উপজেলা হতে নির্ভুল রিপোর্ট প্রস্তুত ও যথাসময়ে কর্মসূচির সদর দপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ খুবই গুরুত্বপূর্ণ। এতদউদ্দেশ্যে নিম্নবর্ণিত বিষয়গুলোর প্রতি গুরুত্ব প্রদান আবশ্যিকীয়-

- ১। উপজেলা হতে কর্মসূচি সদর দপ্তরে প্রেরিত মাসিক রিপোর্টে তথ্যের গড়মিল পরিলক্ষিত হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় ইত্যাদি সম্পর্কিত চলতি মাসের তথ্যের সঙ্গে পূর্বের মাসের তথ্যের এবং এতদসম্পর্কিত গত অর্থ বছরের জুন মাস পর্যন্ত প্রদেয় তথ্যের সঙ্গে চলতি অর্থবছরে প্রদেয় তথ্যেরও মিল থাকা বাঞ্ছনীয়। মাঠে পাওনা তথ্য উপস্থাপনের সময় আদায়যোগ্য হয়নি, কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী ইত্যাদির নির্ভুল ও প্রকৃত তথ্য রিপোর্টে উল্লেখ করা হয় না। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মাসিক রিপোর্টে স্বাক্ষর প্রদানের সময় এ বিষয়গুলোর প্রতি সতর্ক দৃষ্টি রাখবেন;
- ২। উপজেলার ঋণ তহবিলের চেয়ে বিতরণকৃত ঋণের পরিমাণ কোনভাবেই বেশী হবে না। যদি কোন উপজেলায় ঋণ তহবিলের চেয়ে বিতরণকৃত ঋণের পরিমাণ বেশী হয় সেক্ষেত্রে এর প্রকৃত কারণ মাসিক রিপোর্টে উল্লেখ করতে হবে। উপজেলায় কর্মসূচির নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণ করা হলে রিপোর্ট প্রস্তুতকারীগণ তা রিপোর্টে আলাদাভাবে উল্লেখ করবেন;
- ৩। কর্মসূচি সদর দপ্তর হতে বারংবার নির্দেশনা প্রদান সত্ত্বেও অনেক উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ হ্রাস না পেয়ে বরং বৃদ্ধি পাচ্ছে যা কর্মকর্তাদের কর্মসূচির কাজের প্রতি উদাসীনতার সাক্ষ্য। অনেকক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ কিছুটা হ্রাস পেলেও তা সন্তোষজনক নয়। এক্ষেত্রে কর্মসূচি হতে বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ করে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ হ্রাস করার নিমিত্ত জরুরী পদক্ষেপ গ্রহণ করবেন;
- ৪। উপজেলায় কর্মসূচির কু-ঋণ খাতের অর্থ সমন্বয় করে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাসকরণের জন্য কর্মসূচি সদর দপ্তর হতে নির্দেশনা প্রদান করা হলেও অধিকাংশ উপজেলায় এখনও কু-ঋণ সমন্বয়ের কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ কু-ঋণ সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করবেন এবং এর সঠিক তথ্য কর্মসূচির মাসিক রিপোর্টে উপস্থাপনের ব্যবস্থা নেন;
- ৫। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর ১৯/০১/২০২২ খ্রিঃ তারিখের পত্র নং ৫৬৩ এর প্রেক্ষিতে ৩০ জুন/২০১০ এর পূর্বের বিতরণকৃত ঋণের অতিরিক্ত সেবামূল্য মওকুফ সুবিধা গ্রহণ করে কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ কমিয়ে আনার লক্ষ্যে কর্মসূচি সদর দপ্তরের তারিখ- ০১/০২/২০২২ খ্রিঃ তারিখের পত্র নং- ১৪৭৫ মূলে সকল উপজেলায় নির্দেশনা প্রদান করা হলেও এখন পর্যন্ত মাঠ পর্যায়ে তেমন ইতিবাচক সাড়া পাওয়া যায়নি যা খুবই হতাশাব্যাঞ্জক। এতদবিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;
- ৬। মাঠ পর্যায়ে উদ্যোক্তা/একক ঋণ বিতরণের অগ্রগতি সন্তোষজনক নয়। এ ব্যাপারে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়সমূহের প্রতি গুরুত্বারোপ প্রদান এবং প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করে কর্মসূচির কাজে গতিশীলতা আনয়ন ও মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাসে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


মিজানুর রহমান

কর্মসূচি পরিচালক

মোবা.- ০১৭১২৮৮৬৯৪৯

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,

..... উপজেলা, জেলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৩৬.১৪.৪৬৯.১৯(৩).

তারিখ: ২৩/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা।
২. উপপরিচালক(খোঁপ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি।

মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক